Bangladesh 50

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস,চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৫তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ |
| স্থান | : | থিয়েটার ইনিস্টিটিউট,চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে মহান মুক্তিযুদ্ধে শাহাদাৎ বরণকারী বীর শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয় এবং চট্টগ্রামের গণ্যমান্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব খালেদ মাহমুদ-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৪তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব খালেদ মাহমুদ গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগওয়ারী গৃহিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণ ও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১ ৫নং মোহরা ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন কর্ণফুলি নদীর পাশ দিয়ে সিডিএ কর্তৃক নির্মিত রিং রোডের কারণে কালুরঘাট কৈবত্য পাড়ার আনুমানিক ১০ হাজার জনগণের বসতি নদীগর্ভে বিলীন হওয়া থেকে রক্ষার্থে অরক্ষিত ৪০০ মিটার নদী তীরে আরসিসি ফ্লাডওয়াল নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য সিডিএ কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

১.২ ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোবারক আলী মুরাদপুর শীতল ঝর্ণা এলাকায় জলাবদ্ধতা প্রকল্পের কাজের জন্য ফুটওভার ব্রীজ ভেঙ্গে ফেলায় উক্ত স্থানে জনসাধারণ মারাত্মক দুর্ঘটনার সম্মুখিন হচ্ছে বিধায় জনগনের নির্বিঘ্নে চলাচলের জন্য জরুরীভিত্তিতে ফুটওভারব্রীজ নির্মাণের জন্য সিডিএ কর্তৃপক্ষকে অনুরোধ জানান। । তিনি চাঁন্দমিয়া সওদাগর সড়কের পার্শ্বস্থ খালে জলাবদ্ধতা প্রকল্পের রিটেইনিং ওয়াল নির্মাণ কাজের দীর্ঘসূত্রিতার কারণে রাস্তায় জনসাধারণ চলাচলে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে বিধায় জনদুর্ভোগ লাঘবে দ্রুত রিটেইনিং ওয়াল নির্মাণ এবং সংশ্লিষ্ট সড়ক সংস্কারের অনুরোধ জানান।



Scanned with CamScanner

১.৩ ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ইলিয়াছ বলেন ,তাঁর ওয়ার্ডে মহেশ খালে স্থাপিত দুটি পাইপের মাধ্যমে কয়েকটি ওয়ার্ডের পানি নিষ্কাশিত হয় বিধায় বর্ষাকালে মারাত্মক জলাবদ্ধতা সৃষ্টি হয়। তিনি কবে নাগাদ মহেশ খালে স্থাপিত স্লুইস গেইট চালু করা হবে তা জানানোর জন্য সিডিএ প্রতিনিধিকে অনুরোধ জানান।

১.৪ চট্টগ্রাম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধি জনাব আবু মুসা বলেন, স্টীল মিল বাজারসহ যত্রতত্র পরে থাকা বৈদ্যুতিক পোলসমূহ সরানো,ব্যাটারিচালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের মাধ্যমে ৬/১২/২০২৩খ্রিঃ একটি দপ্তর আদেশ জারি করা হয়েছে। তিনি ব্যাটারিচালিত রিক্সার ব্যবহার বন্ধে সমন্বিত ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

১.৫ চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার মোহাম্মদ কাজী হুমায়ন রশীদ বলেন, হকার উচ্ছেদ , অবৈধ সিএনজি ও ব্যাটারি রিক্স্যার বিরুদ্ধে নিয়মিত অভিযান চলছে। তিনি এ বিষয়ে স্টেইক হোল্ডারদের সাথে মতবিনিময়ের মাধ্যমে যুৎসই করণীয় নির্ধারণে অনুরোধ জানান। তিনি জিইসি মোড়ের গোলচত্বরটি বৃত্তাকার করার অনুরোধ জানান। তিনি বিভিন্ন হাসপাতাল ও মার্কেটের পার্কিং ব্যবস্থা না থাকায় যানজট বৃদ্ধি পাচ্ছে উল্লেখ করে পার্কিং স্পট নির্দিষ্ট করে তাতে পার্কিংয়ের ব্যবস্থা করার অনুরোধ জানান। তিনি সড়কে পর্যাপ্ত জেব্রা ক্রসিংয়ের ব্যবস্থা করার অনুরোধ জানান।

১.৬ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী জনাব রাজীব দাশ বলেন, ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে রাস্তা থেকে কমপক্ষে ৫ফিট ছেড়ে দেয়ার শর্তে অনুমতি দেয়া হয় যা সিডিএ কর্তৃক চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে দলিলের মাধ্যমে হস্তান্তরের বিষয়টি সিডিএ বোর্ড সভায় অনুমোদিত হয়েছে। এ বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধিও মনোনয়ন দেয়া হয়েছে যা নির্বাচনের পরপরেই বাস্তবায়নের প্রক্রিয়া শুরু হবে। হবে।। কমার্শিয়াল কাম রেসিডেন্সিয়াল ভবনের অনুমোদনের ক্ষেত্রে পার্কিংয়ের নকশা অনুমোদন এবং তা যথাযথ মনিটরিংয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এক্ষেত্রে জনগণকে দায়িত্বশীল আচরণ করতে হবে। এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প গুলো কোথায় কিভাবে হবে এবং লালখান বাজারের প্রস্তাবিত ফুটওভার ব্রিজটি চারদিক থেকে ব্যবহারের লক্ষ্যে চতুর্মুখি ওভারব্রিজ স্থাপনের একটি প্রজেন্টেশন মাননীয় মেয়র বরাবর এক সপ্তাহের মধ্যে উপস্থাপন করা হবে।

১.৭. র‍্যাপিড অ্যাকশন ব্যাটলিয়নের ডিএডি মোহাম্মদ খলিল বলেন,নির্বাচন উপলক্ষে বিভিন্ন কেন্দ্রের পার্শ্ববর্তী সড়কসমুহে হকার উচ্ছেদ করার অনুরোধ জানান ।তিনি যান চলাচলের সুবিধার্থে মুরাদপুর হতে বড় দিঘীর পাড় পর্যন্ত সড়ক হকারমুক্ত করারও অনুরোধ জানান।

১.৮ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম এলিভেটেড এক্সপ্রেস সড়কটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে যথাযথ কার্পেটিং, লেইন মার্কিং করে বুঝিয়ে দিতে অনুরোধ জানান। তিনি পতেঙ্গা রিং রোডের আলোকায়নে কবে নাগাদ সড়কবাতি স্থাপন করা হবে তা জানানোর জন্য সিডিএকে অনুরোধ জানান ।

১.৯ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমী সড়ক সংস্কার/নির্মাণকালে বাসা-বাড়ী/মার্কেট থেকে সড়ক উচুঁ হয়ে পড়ায় নগরীর বেশীর ভাগ ভবনের নীচতলা ব্যবহার অনুপযোগী হয়ে পড়ছে বিধায় এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সিডিএকে অনুরোধ জানান।

১.১০. সম্মানিত সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে বলেন,দীর্ঘ লড়াই-সংগ্রাম ও রক্তক্ষয়ী যুদ্ধশেষে ১৯৭১ সালের এই মাসে আমরা বহু প্রতীক্ষিত বিজয় অর্জন করি। বিজয়ের এই আনন্দঘন সময়ে আমি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানান। মহাকালের ইতিহাসে স্বাধীনতা বাঙালি জাতির শ্রেষ্ঠ অর্জন। এ অর্জন আমাদের এনে দিয়েছে একটি সার্বভৌম দেশ, স্বাধীন জাতিসত্তা, পবিত্র সংবিধান, নিজস্ব মানচিত্র ও লাল-সবুজ পতাকা। এ অর্জনের পেছনে রয়েছে দীর্ঘ শোষণ-বঞ্চনার ইতিহাস, রক্তক্ষয়ী সংগ্রাম ও আত্মত্যাগের ইতিহাস। ৫২-এর ভাষা আন্দোলনের মধ্য দিয়ে স্বাধীনতার যে বীজ উপ্ত হয়েছিল দীর্ঘ আন্দোলন সংগ্রাম ও নানা চড়াই-উতরাই পেরিয়ে ১৯৭১ সালের ২৬ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক স্বাধীনতার ঘোষণার মাধ্যমে তা পূর্ণতা পায়। তাঁরই নেতৃত্বে ও দিকনির্দেশনায় পাকহানাদার বাহিনীর বিরুদ্ধে দীর্ঘ নয়মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ডিসেম্বর অর্জিত হয় চূড়ান্ত বিজয়। আমি শ্রদ্ধাবনতচিত্তে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। গভীর শ্রদ্ধায় স্মরণ করছি মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর শহীদদের, যাঁদের সর্বোচ্চ ত্যাগে অর্জিত হয় স্বাধীনতা। আমাদের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনাকে ধারণ করে বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজকে পরিপূর্ণতা দানের লক্ষ্যে তাঁরই সুযোগ্য কন্যা দেশরত্ন শেখ হাসিনা সরকার

ভিশন ২০৪১ এবং শতবর্ষ মেয়াদি ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ গ্রহণ করেছে। এসব পরিকল্পনার লক্ষ্য হলো জাতিসংঘ টেকসই উন্নয়ন অভিষ্ট ২০৩০ অর্জনসহ ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করা। সরকারের গৃহীত জনকল্যাণমুখী কর্মসূচি গ্রহণের ফলে নানা প্রতিকূলতা সত্ত্বেও বিগত বছরগুলোতে ধারাবাহিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন অব্যাহত রয়েছে। স্বাস্থ্য, শিক্ষা, নারীর ক্ষমতায়নসহ আর্থ-



Scanned with CamScanner

সামাজিক প্রতিটি সূচকে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। বেড়েছে মাথাপিছু আয়, গড় আয়ুষ্কাল। ইতোমধ্যে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার স্বীকৃতি পেয়েছে। লাখো শহিদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতার সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে মুক্তিযুদ্ধের লক্ষ্য ও চেতনা বাস্তবায়নে নিজ নিজ অবস্থান থেকে আরও বেশি অবদান রেখে দেশ ও জাতিকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে হবে।

সভাপতি বলেন, চট্টগ্রাম নগরীকে স্মার্ট নগরীতে পরিণত করতে সকল সেবা সংস্থার সাথে সমন্বয় জরুরি যা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভার মাধ্যমে বাস্তবায়িত হয়। নগরীর গুরুত্বপূর্ণ মোড়ে গোলচত্বর,ফুটওভারব্রীজ নির্মাণে ট্রাফিক বিভাগের সাথে চসিকের প্রকৌশল বিভাগের সমন্বয়ের মাধ্যমে যাতে তা কার্যকর হয় সেভাবে গড়ে তুলতে হবে।

প্রকৌশল বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে এবং দূর্ঘটনারোধে মিড অ্যাইল্যান্ড ও গোল চত্বরসমূহে রেক্টো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে। চাঁনমিয়া সওদাগর রোডের অসমান অংশ কেটে প্যাচওয়ার্ক এর মাধ্যমে যানবাহন চলাচল উপযোগী করে দিতে হবে।

নগরীতে বিদ্যুতের খুঁটির সাথে ইন্টারনেট ও ডিস এন্টিনার ক্যাবলের সৃষ্ট জঞ্জালের কারণে সৌন্দর্যহানি ও অগ্নিকান্ডের বিষয়ে সভাপতি বলেন, ইন্টারনেট ও ডিস এন্টিনার মালিকদের সাথে আলোচনায় পিডিবি'র খুঁটি ব্যবহার না করে তাদের নিজস্ব অর্থায়নে খুঁটি বসিয়ে বক্সের মাধ্যমে ইন্টারনেট ও ডিস এন্টিনার সকল ক্যাবল ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। যদি মালিকবৃন্দ নিজস্ব অর্থায়নে খুঁটি বসাতে আগ্রহী না হয় সেক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিজস্ব অর্থায়নে খুঁটি বসাবে। এছাড়া ১৪ নং ওয়ার্ডে স্মার্ট ওয়ার্ড প্রকল্পের আওতায় ড্রেনের পাশ দিয়ে ক্লাম্প ব্যবহার করে পাইপের মাধ্যমে ক্যাবল নেয়ার ব্যবস্থা করা হচ্ছে যাতে তারের জঞ্জাল দৃশ্যমান হবে না । সভাপতি এ বিষয়ে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে বৈদ্যুতিক পোলে এসব ক্যাবলগুলো ব্যবহারে সৃষ্ট সমস্যা সর্ম্পকে ক্যাবল মালিকদের অবহিত করার আহবান জানান।

নগরীকে পরিচ্ছন্ন রাখার প্রত্যয় ব্যক্ত করে সভাপতি বলেন, বর্জ্য ব্যবস্থাপনা সুশৃঙ্খল করতে প্রতিটি ওয়ার্ডে এসটিএস স্থাপন করা হচ্ছে। নগরীর ফুটপাত, রাস্তা, স্থাপনা, হোটেলের সনুখে কোন আবর্জনা না ফেলার বিষয়ে নিয়মিত প্রচারণা চালানো হচ্ছে। সংশ্লিষ্টদের বরাবরে নোটিশ দেয়া হচ্ছে।তারপরও কেউ নির্দেশ অমান্য করলে তাদেরকে জরিমানার আওতায় আনা হবে।

নগরীর গুরুত্বপূর্ণ স্থানসমূহে হকারদের অবস্থানের কারণে উদ্বেগ প্রকাশ করে সভাপতি বলেন, রাস্তায় ভ্যানগাড়ির কারণে প্রচণ্ড যানজট সৃষ্টি হচ্ছে। হকারদের জন্য শিক্ষার্থীরা, বিশেষ করে মেয়েরা স্কুলেও প্রবেশ করতে পারে না। অনেকে হকার পুনর্বাসনের কথা বলেন। পূর্বে হকার পুনর্বাসন কোন সুফল বয়ে আনেনি। এর আগে হকারদের জন্থর হকার মার্কেটে পুনর্বাসন করা হয়। কিন্তু দোকান বরাদ্দ পেয়েই অনেকে দোকান বিক্রি করে আবারো ফুটপাত দখল করে ব্যবসা শুরু করেন। এ বিষয়ে হকার নেতৃবৃন্দের সাথে আলোচনা করতে হবে এবং শুক্র ও শনিবার আগ্রাবাদসহ বিভিন্ন এলাকায় উপযুক্ত স্থানে হলিডে মার্কেট চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পে-পার্কিং বিষয়ে সভাপতি বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ন্যায় চট্টগ্রামেও পে-পার্কিংয়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তাছাড়া বিভিন্ন স্থাপনার সনুখে বন্ধ করা পার্কিংয়ের বিষয়ে ট্রাফিক বিভাগসহ সমন্বয়ের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২৫০০ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে প্রকৌশল বিভাগের উদ্দেশে সভাপতি বলেন, চলমান শুষ্ক মৌসুমের মধ্যে উক্ত প্রকল্পের টেন্ডারকৃত কাজ সম্পন্ন করতে হবে। যেসব ওয়ার্ডে লেইন, রাস্তা সংস্কার প্রয়োজন তা দ্রুত টেন্ডার আহবান করে সংস্কারের ব্যবস্থা করতে হবে। কাজের গুনগতমান বজায় রাখার জন্য চসিকের ল্যাবে নির্মাণ সামগ্রী পরীক্ষা করতে হবে। নিদিষ্ট সময়ের মধ্যে প্রতিটি প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিস্ট ঠিকাদারদের কার্যাদেশ বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগ করতে হবে। নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের সড়ক,ফুটপাত,সড়কদ্বীপসমূহের জরুরি ভিত্তিতে সংস্কারের নিমিত্তে নিয়মিত সরেজমিনে পরিদর্শন নিশ্চিত করতে হবে। অন্যথায় তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
মশক নিয়ন্ত্রণে চলমান কার্যক্রম আরো গতিশীল করার নির্দেশ দিয়ে সভাপতি বলেন, মশক নিধনের পর্যাপ্ত ঔষধ ক্রয় করা হয়েছে, বাড়ানো হচ্ছে জনবল। এমতবস্থায় সকল কর্মকর্তাদের জোরদারভাবে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে যাতে মশকের উপদ্রব ক্রমশ হ্রাস পায়।

বিদ্যুৎ বিভাগের উদ্দেশে সভাপতি বলেন,বিদ্যুৎ বিভাগের ওয়ার্ডওয়ারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকা সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রেরণ করতে হবে। প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজার ও কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে চসিকের সেবার মান বাড়িয়ে চট্টগ্রামকে জলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করছি।



Scanned with CamScanner

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৮ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৪তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৮ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৪তম সাধারণ সভার কার্যবিবরণী ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংযোজন বিযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৪ তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা ভুক্ত সংস্থাসমূহ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা।

**৩:১: সংস্থা ভিত্তিক আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় বিউবোর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়। | ১। বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলগুলো ব্যবহারে নগরের সৌন্দর্যহানিসহ সৃষ্ট সমস্যা ও দূর্ঘটনা সম্পর্কে ক্যাবল মালিকদের অবহিত করে পৃথক খুঁটির মাধ্যমে বক্স স্থাপন করে বা মাটির নিচ দিয়ে বা ড্রেইনের পাশ দিয়ে পাইপলাইনের মধ্য দিয়ে ক্যাবল স্থাপন করে নগরকে স্মার্ট সিটিতে রূপান্তরে বিউবো কর্তৃক সহযোগিতা প্রদান করতে হবে।<br>২। গত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী<br>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ঘ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |



Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ওয়াসা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। পশ্চিম মাদারবাড়ি শিশু কবরস্থান, ফিরিঙ্গিবাজার নজরুল ইসলাম সড়ক, এয়ারপোর্ট ড্রাই ডকের সন্মুখসহ বিভিন্ন এলাকায় ওয়াসারপাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br>২। ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ডে ওয়াসার লাইনে পর্যাপ্ত পানি প্রবাহ না থাকায় দ্রুত পানির প্রবাহ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩।গত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম ওয়াসা<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৪তম সাধারণ সভার গৃহিত সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম মেট্টোপলিটন পুলিশের এর সহযোগিতা গ্রহণের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। ২৫০০ কৌটি টাকার প্রকল্পের অধীনে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে ১০টি গোলচত্বর নিমার্ণে ফোকাল পয়েন্টের মাধ্যমে সিএমপি ট্রাফিক বিভাগ কর্তৃক চসিককে সহযোগিতা প্রদান করতে হবে।<br>২। নির্বাচন উপলক্ষে বিভিন্ন কেন্দ্রের পার্শ্ববর্তী সড়কসমুহে হকার উচ্ছেদ করতে হবে।<br>৩। যান চলাচলের সুবিধার্থে মুরাদপুর হতে বড় দিঘীর পাড় পর্যন্ত সড়ক ব্যবসায়ীদের দখলমুক্ত করতে হবে।<br>৪।গত সভাসমুহে গৃহীত সিদ্ধান্তসমুহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। ক) কমিশনার চট্টগ্রাম মেট্টোপলিটন পুলিশ<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২-৩।ক)কমিশনার চট্টগ্রাম মেট্টোপলিটন পুলিশ<br>খ) নিবর্হী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প গুলো কোথায় কিভাবে হবে তার একটি প্রেজেন্টেশন মাননীয় মেয়র বরাবর উপস্থাপন করতে হবে।<br>২। সিডিএ কর্তৃক অনুমোদনকৃত প্ল্যানের ভবনের সন্মুখস্থ রাস্তার জন্য ছাড়কৃত জায়গা চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে হস্তান্তরকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। সড়ক সংস্কার/নির্মাণকালে বাসা-বাড়ী/মার্কেট থেকে সড়ক উচুঁ হয়ে পড়ায় নগরীর বেশীর ভাগ ভবনের নীচতলা ব্যবহার অনুপযোগী হয়ে পড়ছে বিধায় এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। মুরাদপুর শীতল ঝর্ণা এলাকায় জলাবদ্ধতা প্রকল্পের কাজের জন্য ফুটওভার ব্রীজ ভেঙ্গে ফেলায় উক্ত স্থানে জনসাধারণ মারাত্মক দূর্ঘটনার সম্মুখিন হচ্ছে বিধায় জনগনের নির্বিঘ্নে চলাচলের জন্য জরুরীভিত্তিতে ফুটওভারব্রীজ নির্মাণ করতে হবে।<br>৫। চাঁন্দমিয়া সওদাগর সড়কের পার্শ্বস্থ খালে জলাবদ্ধতা প্রকল্পের রিটেইনিং ওয়াল নির্মাণ কাজের দীর্ঘসূত্রিতার কারণে রাস্তায় জনসাধারণ চলাচলে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে বিধায় জনদূর্ভোগ লাঘবে দ্রুত রিটেইনিং ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।<br>৬। পতেঙ্গা রিং রোডের আলোকায়নে কবে নাগাদ সড়কবাতি স্থাপন করা হবে তা অত্র অফিসকে অবহিত করতে হবে।<br>৭। কর্ণফুলি নদীর পাশ দিয়ে নির্মিত রিং রোডের কারণে কালুরঘাট কৈবত্য পাড়ার আনুমানিক ১০ হাজার জনগণের বসতি নদীগর্ভে বিলীন হওয়া থেকে রক্ষার্থে | ১-৯। ক)চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ। খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |



Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অরক্ষিত ৪০০ মিটার নদী তীরে আরসিসি ফ্লাডওয়াল নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৮।। কর্মাশিয়াল, রেসিডেন্সিয়াল, কর্মাশিয়াল কাম রেসিডেন্সিয়াল ভবনের অনুমোদনের ক্ষেত্রে পার্কিংয়ের নকশা অনুমোদন এবং তা যথাযথ মনিটরিংয়ের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য সিডিএ কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৯।গত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমুহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | | |

**৩:২ঃ প্রকৌশল বিভাগ**

**৩:২.১ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। নগরীর গুরুত্বপূর্ণ মোড়ে গোলচত্বর,ফুটওভারব্রীজ নির্মাণে ট্রাফিক বিভাগের সাথে চসিক প্রকৌশল বিভাগের সমন্বয়ে কাজ করতে হবে।।<br>২। শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে এবং দূর্ঘটনারোধে মিড অ্যাইল্যান্ড ও গোল চত্বরসমুহে রেক্টো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে।<br>৩। চাঁনমিয়া সওদাগর রোডের অসমান অংশ কেটে প্যাচওয়ার্ক করে জরুরি ভিত্তিতে যানবাহন চলাচলের উপযোগী করে দিতে হবে।<br>৪। ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজের গুনগতমান বজায় রাখার জন্য নির্মাণ সামগ্রী চসিকের ল্যাবে পরীক্ষা করতে হবে।<br>৫। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিটি প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিস্ট ঠিকাদারদের কার্যাদেশ বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগ করতে হবে।<br>৬। প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের সড়ক,ফুটপাত,সড়কদ্বীপসমুহের জরুরি ভিত্তিতে সংস্কারের নিমিত্তে নিয়মিত সরেজমিনে পরিদর্শন নিশ্চিত করতে হবে। অন্যথায় তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৭।জনগণের নির্বিঘ্ন চলাচলে যাতে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ গাইডওয়াল,নালার উপর স্ল্যাব, প্রতিবন্ধকসহ সকল সড়কের নির্মাণও মেরামত কাজ দ্রুত শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্ল্যাব নির্মাণ সম্ভব নয় সে স্থানে সতর্কীকরণ/নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে। প্রকৌশল বিভাগ জরুরী ভিত্তিতে জোনওয়ারী একার্যক্রম সম্পন্ন করবেন এবং সম্পাদিত কাজেরঅগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করবেন।<br>৮।বাড়ইপাড়া খালখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমিতে প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও গাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে এবং এক্ষেত্রে কোন অবস্থাতেই নির্দিষ্ট সময়সীমা অতিক্রম করা যাবে না। খালের দৈর্ঘ্য অনুযায়ী কতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় সুনির্দিষ্টভাবে গ্রাফচার্ট এর মাধ্যমে উপস্থাপন করতে হবে।বাকী একটি এলএ মামলা দ্রুত নিস্পত্তির জন্য সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করতে হবে।<br>৯। সেবক কলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমান সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>১০। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি গ্রাফচার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ১-৭। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৮-১০। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৭-১০ (ক)প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |



Scanned with CamScanner

প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। বিদ্যুৎ বিভাগের ওয়ার্ডওয়ারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকা সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রেরণ করতে হবে।।<br>২। প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজার ও কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:২:৪ঃ প্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ৬/১২/২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক ৬-১২-২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয় এবং পিপিআর ও সরকারী নিয়মনীতি অনুসরনে গুণগত মান বজায় রেখে যথাসময়ে কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩.৩: রাজস্ব বিভাগ

৩:৩.১ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনায়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. হকারদের পূর্ণবাসনে হলিডে মার্কেট চালু করতে হবে।<br>২. ই-রেভেনিউ পদ্ধতিতে শতভাগ রাজস্ব আদায়ের প্রক্রিয়া বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু কতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩. সিটি ডেভেলাপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৪. কাষ্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫. অননুমোদিত স্ল্যাবসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৬. সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কমিনিউটি সেন্টারে জেয়াফত, মেজবান, বিবাহসহ বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের ভোজন কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৪তম সাধারণ সভার গৃহীত সিদ্ধান্ত |



Scanned with CamScanner

**৩:৩:২ অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির স্থায়ী কমিটির সভায় রাজস্ব বিভাগ সম্পর্কিত গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত:**

গত ১২ ডিসেম্বর অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ২৩তম সভায় ১নং হতে ০৮নং পর্যন্ত প্রাপ্ত বিবরণী অনুযায়ী ২০২২-২০২৩ আর্থিক সনের ৪র্থ কোয়ার্টার এবং ২০২৩-২৪ আর্থিক সনের ১ম কোয়ার্টার নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর প্রস্তুতকৃত মূল্যায়ন অনুমোদন, স্ল্যাবের অনুমতি ০৫ (পাঁচ) বছর মেয়াদ পূর্তিতে নবায়নের বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

১. **বিষয়** : রাজস্ব সার্কেল ১নং হতে ০৮নং পর্যন্ত প্রাপ্ত বিবরণী অনুযায়ী ২০২২-২০২৩ আর্থিক সনের ৪র্থ কোয়ার্টারের নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর প্রস্তুতকৃত মূল্যায়ন তালিকার (এসেসমেন্ট) সারসংক্ষেপ নিম্নরুপ ঃ

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে রাজস্ব সার্কেল ১নং হতে ০৮নং হতে পর্যন্ত প্রাপ্ত বিবরণী অনুযায়ী ২০২২-২০২৩ আর্থিক সনের ৪র্থ কোয়ার্টারের নিম্মোক্ত নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর ট্যাক্স অনুমোদন মোতাবেক কার্যকর করতে হবে।

| হোল্ডিং সংখ্যা | | সাবেক মূল্যায়ন | সাবেক বার্ষিক কর | প্রস্তাবিত বার্ষিক মূল্যায়ন | প্রস্তাবিত বার্ষিক কর | বর্ধিত বার্ষিক কর |
|---|---|---|---|---|---|---|
| নতুন | ১১৫১ | --- | --- | ১৮,৩২,৭৩,৭০০/- | ২,৯১,৫৬,৬৮৩/- | ২,৯১,৫৬,৬৮৩/- |
| সম্প্রসারিত | ২৪৬ | ১,৬৮,৮৭,৭৯০/- | ২৭,৭৪,৩১৭/- | ৬,৩৬,৩৪,৯০০/- | ৯৮,৮৫,২৪৬/- | ৭১,১০,৯২৯/- |
| সর্বমোট = | ১৩৯৭ | ১,৬৮,৮৭,৭৯০/- | ২৭,৭৪,৩১৭/- | ২৪,৬৯,০৮,৬০০/- | ৩,৯০,৪১,৯২৯/- | ৩,৬২,৬৭,৬১২/- |

**বাস্তবায়নে** ঃ প্রধান রাজস্ব কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

২. **বিষয়** : রাজস্ব সার্কেল ১নং হতে ০৮নং পর্যন্ত প্রাপ্ত বিবরণী অনুযায়ী ২০২৩-২০২৪ আর্থিক সনের ১ম কোয়ার্টারের নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর প্রস্তুতকৃত মূল্যায়ন তালিকার (এসেসমেন্ট) সারসংক্ষেপ নিম্নরুপ :

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে রাজস্ব সার্কেল ১নং হতে ০৮নং হতে পর্যন্ত প্রাপ্ত বিবরণী অনুযায়ী ২০২৩-২০২৪ আর্থিক সনের ১ম কোয়ার্টারের নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর ট্যাক্স আরোপ কার্যকর ও আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

| হোল্ডিং সংখ্যা | | সাবেক মূল্যায়ন | সাবেক বার্ষিক কর | প্রস্তাবিত বার্ষিক মূল্যায়ন | প্রস্তাবিত বার্ষিক কর | বর্ধিত বার্ষিক কর |
|---|---|---|---|---|---|---|
| নতুন | ১৮১৫ | --- | ---- | ২৫,৭৯,৪৮,০০০/- | ৭,৩১,৯৩,০৭৯/- | ৭,৩১,৯৩,০৭৯/- |
| সম্প্রসারিত | ২৯৭ | ২,৪৫,২৮,৩০০/- | ৩৯,০৮,২০৭/- | ৭,৯২,৪৩,০৫০/- | ২,১৯,৭৫,৩৫৭/- | ১,৮০,৬৭,১৫০/- |
| সর্বমোট = | ২১১২ | ২,৪৫,২৮,৩০০/- | ৩৯,০৮,২০৭/- | ৩৩,৭১,৯১,০৫০/- | ৯,৫১,৬৮,৪৩৬/- | ৯,১২,৬০,২২৯/- |

**বাস্তবায়নে** ঃ প্রধান রাজস্ব কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

৩. স্ল্যাবের অনুমতি ০৫ (পাঁচ) বছর মেয়াদ পূর্তিতে নবায়নের বিষয়ে অন্যান্য সিটি কর্পোরেশন হতে তথ্য সংগ্রহপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য ভূ-সম্পত্তি কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**বাস্তবায়নে** ভূ-সম্পত্তি কর্মকর্তা,চট্টগ্রাম সিটি কর্পোরেশন



Scanned with CamScanner

৩.৩.৩ "পরিবেশ উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তঃ

| | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১১-১২-২০২৩খ্রিঃ পরিবেশ উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ৭ম সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলগুলো ব্যবহারে নগরের সৌন্দর্যহানিসহ সৃষ্ট সমস্যা ও দূর্ঘটনারোধে পৃথক খুঁটির মাধ্যমে বস্ত্র স্থাপন করে বা মাটির নিচ দিয়ে বা ড্রেইনের পাশ দিয়ে পাইপলাইনের মধ্য দিয়ে ক্যাবল স্থাপন করে নগরকে স্মার্ট সিটিতে রূপান্তরে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। আগামী ২১-১২-২০২৩ খ্রিঃ তারিখ সিটি কর্পোরেশন ভবনের নিচ তলায় সম্মেলন কক্ষে ইন্টারনেট ও ডিস এন্টিনার মালিকদের নিয়ে মত বিনিময় সভা আয়োজন করতে হবে। | ১।(ক) সভাপতি<br>পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ২১ নং জামালখান ওয়ার্ড।<br>(খ) ইন্টারনেট ও ডিস এন্টিনার মালিকবৃন্দ<br>২।(ক) সভাপতি<br>পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ২১ নং জামালখান ওয়ার্ড।<br>(খ) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

## ৩:৪:ঃ পরিচ্ছন্নতা বিভাগ

### ৩:৪:১:ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমুহ গৃহিত হয়। | ১।যাতে বর্ষাকালে জলাবদ্ধতা সৃষ্টি না হয় সেজন্য চলমান শুষ্ক মৌসুমের মধ্যে সকল নালা নর্দমা খালের মাটি আর্বজনা পরিপূর্ণভাবে উত্তোলন করে পানি চলাচলের সুবন্দোবস্ত করতে হবে ।<br>২ নগরীর বড় ওয়ার্ডগুলোর মশক নিধন কর্মী বৃদ্ধি করে মশক নিধন কার্যক্রম জোরদার ভাবে পরিচালনার জন্য মশক নিধন কর্মকর্তাকে আরো তৎপরতা সাথে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। আসন্ন শীত মৌসুমের জন্য আরও মশক নিধনের ওষুধ মজুদ করে রাখতে হবে। স্প্রেম্যানদের নিয়মিত স্প্রে ও ফগিং কার্যক্রম কাউন্সিলরদের তদারকি করতে হবে।<br>৪। ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক)সম্মানিত কাউন্সিলরগন<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪ (ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |



Scanned with CamScanner

৩:৬:১:ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। নির্বাচন উপলক্ষে বিভিন্ন কেন্দ্রের পার্শ্ববর্তী সড়কসমুহে হকার উচ্ছেদ করতে হবে।<br>২। যান চলাচলের সুবিধার্থে মুরাদপুর হতে বড় দিঘীর পাড় পর্যন্ত সড়ক ব্যবসায়ীদের দখলমুক্ত করতে হবে।<br>৩।ব্যাটারি চালিত রিক্সা নিয়ন্ত্রণে গাড়িগুলোর শোরুম ও রাস্তায় মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৪। মশার প্রজননক্ষেত্র ধ্বংসে, খাদ্যের ভেজাল রোধে, অবৈধ স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্তকরণে ম্যাজিস্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br>৫। রাস্তা/ নালার উপর ময়লা আবর্জনা ফেললে জরিমানার আওতায় আনতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে। | নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বিগত সভাসমুহে গৃহিত সিদ্ধান্ত |

## ৩.৭. আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১৮-১২-২০২৩খ্রিঃ আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির ৭ম সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় যাতে কোনো অনাকাংখিত পরিস্থিতির উদ্ভব ও সম্প্রীতি বিনষ্ঠ না হয় সে বিষয়ে মাননীয় মেয়র মহোদয় নেতৃত্বে সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডের কাউন্সিলর ও ১৪ জন সংরক্ষিত কাউন্সিলরসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে।<br>খ) আইন শৃঙ্খলা বিঘ্নিত হয় এরূপ অপতৎপরতা পরিলক্ষিত হলে পুলিশ বিভাগের সহযোগিতা নিয়ে এবং নির্বাচন কমিশনের আওতায় থাকা প্রশাসনের সাথে যুগপৎ কাজ করতে হবে এবং মাননীয় মেয়র ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটিকে সে বিষয়ে অবহিত করতে হবে। | ১। সভাপতি<br>আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। সম্মানিত কাউন্সিলর (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। সদস্য সচিব ও<br>এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট,<br>আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি<br>চসিক। |

৩.৮.১ "দারিদ্র হ্রাস-করণ ও বস্তি উন্নয়ন " বিষয়ক স্থায়ী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১৪ নভেম্বর "দারিদ্র হ্রাস-করণ ও বস্তি উন্নয়ন কমিটির গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চলতি শীত মৌসুমে মহানগরীর অতিদরিদ্র জনগোষ্টির মাঝে সিটি কর্পোরেশন কর্তৃক বরাদ্ধকৃত কম্বল চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ৪১টি ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর কর্তৃক ১৫০ পিচ্ এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর কর্তৃক ১০০ পিচ্ সংশ্লিষ্ট ওয়ার্ডে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।। | বস্তি উন্নয়ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ও<br>কমিটির সভাপতি এবং সদস্যবৃন্দ। |



Scanned with CamScanner

৩:৮:২: নগর পরিকল্পনা শাখা সম্পর্কিত স্থায়ী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১৪/১২/২০২৩খ্রি "নগর পরিকল্পনা ও উন্নয়ন পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।স্ট্যান্ডিং কমিটির" ২১ তম সভায় সৌন্দর্যবর্ধনকারী প্রতিষ্ঠানসমূহের মেয়াদ উর্ত্তীণ ও বাতিল সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) এস টি ডি ইন্টারন্যাশানাল এর ষোলশহর ২নং গেইট মোড় হতে জি. ই. সি. মোড় হয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অফিস গেইট হতে গরীবউল্লাহ শাহ্ মাজারের মোড় হয়ে লালখাঁনবাজার ইস্পাহানী মোড় পর্যন্ত সৌন্দর্যবর্ধন প্রকল্পের ১ নং শর্তানুযায়ী মেয়াদকাল ৫ (পাচঁ) বছর বিগত ৩০/০৯/২০২৩ খ্রিঃ তারিখে সমাপ্ত হওয়ায় চুক্তি বাতিল করতে হবে।<br><br>খ) এস টি ডি ইন্টারন্যাশানাল এর বাদামদতলী মোড় হইতে গ্রামীন ফোন শোরুম সেন্টার হয়ে আগ্রাবাদ জনতা ব্যাংকের মোড় পর্যন্ত সৌন্দর্যবর্ধন প্রকল্পের চুক্তির ১ নং শর্তানুযায়ী সৌন্দর্যবর্ধনের মেয়াদকাল ৫ (পাচঁ) বছর ৩০/০৯/২০২৩ খ্রিঃ তারিখে সমাপ্ত হওয়ায় চুক্তি বাতিল করতে হবে।<br><br>গ) শেঠ প্রপার্টিজ এর চট্টগ্রাম কলেজ হোস্টেল গেইট হতে তেলিপট্টি পর্যন্ত সৌন্দর্যবর্ধন প্রকল্প প্রকল্পের চুক্তির ৪, ৫ এর- (ক-ছ) নং শর্তানুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম পরিলক্ষিত না হওয়ায় চুক্তি বাতিল করতে হবে।<br><br>ঘ) শেঠ প্রপার্টিজ এর চন্দনপুরা মসজিদ এর সামনে থেকে চট্টগ্রাম কলেজ হোস্টেল পর্যন্ত সৌন্দর্যবর্ধন প্রকল্পের চুক্তির ৩, ১৩, ১৪ শর্তানুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম পরিলক্ষিত না হওয়ায় চুক্তি বাতিল করতে হবে। | ১। নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩.৯. স্বাস্থ্য পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য রক্ষার স্থায়ী কমিটির সভায় স্বাস্থ্য বিভাগ সর্ম্পকতি গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত :

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। বিপিএ এর সাথে যৌথ উদ্যোগে চসিক জেনারেল হাসপাতালকে বিশেষায়িত শিশু স্বাস্থ্য হাসপাতালে রুপান্তর প্রসঙ্গে গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | চসিক জেনারেল হাসপাতালকে বিপিএ এর যৌথ উদ্যোগে বিশেষায়িত শিশু স্বাস্থ্য হাসপাতালে রুপান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা<br>২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ২। ডাঃ জাকির হোসেন সি/ক হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে বি এইচ এম এস কোর্স চালুকরণ প্রসঙ্গে সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।। | ডাঃ জাকির হোসেন সি/ক হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে বি.এইচ.এম.এস কোর্স চালুকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা<br>২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ৩। ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি এন্ড ম্যাটস এ বিএসসি ইন নার্সিং ডিগ্রী কোর্স চালুকরণ প্রসঙ্গে সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।। | ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি এন্ড ম্যাটস এ বিএসসি ইন নার্সিং ডিগ্রী কোর্স চালুকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা<br>২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ৪। প্রিমিসেস লাইসেন্স এর সাথে ফিটনেস সার্টিফিকেট চালুকরণ এবং ফি নির্ধারণ প্রসঙ্গে সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।। | ক)খাদ্য উৎপাদন ও বিপননকারী প্রতিষ্ঠানের গুনগত মানের উপর ভিত্তি করে প্রতিষ্ঠানগুলোকে "এ " " বি" "সি" গ্রেড নির্ধারনের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br>'এ' গ্রেড সবুজ রং' বি' গ্রেড নীল রং 'সি' গ্রেড হলুদ রং দিয়ে চিহ্নিতকরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br><br>খ)খাদ্য প্রস্তুতকারক ও বড় প্রতিষ্ঠানের লাইসেন্স ফি নতুন ৩০০/- টাকা নবায়ন ২০০/- টাকা ,খাদ্য বিক্রয়কারী ও ছোট প্রতিষ্ঠানের লাইসেন্স ফি নতুন ২০০/,- নবায়ন ১০০/- টাকা নির্ধারনের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br>গ)খাদ্য উৎপাদন ও বিপননকারী প্রতিষ্ঠানের কর্মচারীদেরও ফিটনেস সনদ গ্রহণ বাধ্যতামূলক এবং মেট্রো এলাকায় সিটি কর্পোরেশন এর স্বাস্থ্য বিভাগের প্রধান স্বাস্থ্য কর্মকর্তার স্বাক্ষরিত ফিটনেস সনদ( ফি ১০০/-) প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br>ঘ)স্ট্রীট ফুড বা ভ্রাম্যমান খাদ্য বিক্রয়কারীদেরও প্রশিক্ষণ ও রেজিষ্ট্রেশনের | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা<br>২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |



Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ৫। ১৩নং পাহাড়তলী ওয়ার্ডে কোন দাতব্য চিকিৎসালয় না থাকায় দাতব্য চিকিৎসালয় স্থাপন করন প্রসঙ্গে সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।। | ১৩নং পাহাড়তলী ওয়ার্ডে কোন দাতব্য চিকিৎসালয় না থাকায় উক্ত ওয়ার্ডে একটি দাতব্য চিকিৎসালয় স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা<br>২। প্রধান প্রকৌশলী<br>৩। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৬০০.০০১.০৬.০০২.২৪- ৯০৬ তারিখঃ ২৭.০১.২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ,চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১,রহমতগঞ্জ,চট্টগ্রাম
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ
১৫। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
১৬। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর প্রতিনিধি
১৭। উপ-পরিচালক, বি.আর.টি.এ এর প্রতিনিধি
১৮। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে এর প্রতিনিধি
১৯। অধিনায়ক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান-০৭ এর প্রতিনিধি
২০। কাউন্সিলর ....................................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২১। বিভাগীয় প্রধান (সকল) ..........................................................,বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২২। মাননীয় মেয়র এর একান্ত সচিব।
২৩। শাখা প্রধান(সকল)...............................................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২৪। অফিস কপি।

(খালেদ মাহমুদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন



Scanned with CamScanner

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
টাইগার পাস, চট্টগ্রাম।

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৫ তম সাধারণ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম

| ক্রঃ নং | সম্মানিত কাউন্সিলরবৃন্দের নাম | ওয়ার্ডের নাম |
|---|---|---|
| ১. | আফরোজা জহুর (আফরোজা কালাম) (২৭,৩৭,৩৮) (প্যানেল মেয়র-৩) | সংরক্ষিত ওয়ার্ড-১২ |
| ২. | ফেরদৌস বেগম মুন্নী ( ১,২,৩) | সংরক্ষিত ওয়ার্ড-১ |
| ৩. | জোবাইরা নার্গিস খান (৪,৫,৬) | সংরক্ষিত ওয়ার্ড-২ |
| ৪. | আনজুমান আরা (১৪,১৫,২১) | সংরক্ষিত ওয়ার্ড-৫ |
| ৫. | শাহীন আকতার রোজী (১৭,১৮,১৯) | সংরক্ষিত ওয়ার্ড নং-৬ |
| ৬. | নীলু নাগ (২২,৩০,৩১) | সংরক্ষিত ওয়ার্ড নং-৮ |
| ৭. | জাহেদা বেগম পপি (১২,২৩,২৪) | সংরক্ষিত ওয়ার্ড-৯ |
| ৮. | বেগম লুৎফুন্নেছা দোভাষ বেবী ( ৩৩,৩৪,৩৫) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৩ |
| ৯. | বেগম শাহানুর বেগম ( ৩৯,৪০,৪১) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৪ |
| ১০. | আলহাজ্ব মোঃ শফিকুল ইসলাম | ০৩নং পাঁচলাইশ ওয়ার্ড |
| ১১. | জনাব মোঃ এসারারুল হক | ০৪ নং চান্দগাঁও ওয়ার্ড |
| ১২. | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন | ০৫ নং মোহরা ওয়ার্ড |
| ১৩. | জনাব এম আশরাফুল আলম | ০৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ড |
| ১৪. | জনাব মোঃ মোবারক আলী | ০৭ নং পশ্চিম ষোল শহর ওয়ার্ড |
| ১৫. | জনাব মোঃ মোরশেদ আলম | ০৮নং শুলকবহর ওয়ার্ড |
| ১৬. | জনাব মোঃ জহুরুল আলম জসিম | ০৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড |
| ১৭. | জনাব নিছার উদ্দিন আহমেদ | ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড |
| ১৮. | জনাব মোঃ নুরুল আমিন | ১২নং সরাইপাড়া ওয়ার্ড |
| ১৯. | জনাব আবুল হাসনাত মোঃ বেলাল | ১৪নং লালখান বাজার ওয়ার্ড |
| ২০. | জনাব মোঃ নুর মোস্তফা টিনু ( টিটু) | ১৬নং চকবাজার ওয়ার্ড |
| ২১. | জনাব মোহাম্মদ শহিদুল আলম | ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড |
| ২২. | জনাব মোঃ নুরুল আলম | ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড |
| ২৩. | জনাব চৌধুরী হাসান মাহমুদ হাসনী | ২০নং দেওয়ান বাজার ওয়ার্ড |
| ২৪. | জনাব মোহাম্মদ সলিম উল্যাহ | ২২নং এনায়েত বাজার ওয়ার্ড |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ২৫. | জনাব মোহাম্মদ জাবেদ | ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড |
| ২৬. | জনাব নাজমুল হক | ২৪নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড |
| ২৭. | জনাব মোহাম্মদ ইলিয়াছ | ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড |
| ২৮. | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী | ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড |
| ২৯. | জনাব আতাউল্লাহ চৌধুরী | ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩০. | জনাব আবদুস সালাম মাসুম | ৩১নং আলকরণ ওয়ার্ড |
| ৩১. | জনাব জহর লাল হাজারী | ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড |
| ৩২. | জনাব হাসান মুরাদ | ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড |
| ৩৩. | জনাব পুলক খাস্তগীর | ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড |
| ৩৪. | হাজী নুরুল হক | ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড |
| ৩৫. | জনাব মোঃ মোর্শেদ আলী | ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড |
| ৩৬. | জনাব মোহাম্মদ আবদুল মান্নান | ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৩৭. | জনাব গোলাম মোঃ চৌধুরী | ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৩৮. | জনাব ছালেহ আহম্মদ চৌধুরী | ৪১ নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড |

Scanned with CamScanner

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৫তম সাধারণ সভায় উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা

| ক্রঃ নং | আমন্ত্রিত অতিথিবৃন্দের নাম | পরিচিতি |
|---|---|---|
| ১ | মোহাম্মদ কাজী হুমায়ুন রশীদ | এডিসি, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ । |
| ২ | রাজীব দাশ | নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৩ | মোহাম্মদ রমিজুর রহমান | সহকারী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর |
| ৪ | মোঃ কোরাইশীন | সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৫ | ইঞ্জিনিয়ার গোলাম মোরশেদ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৬ | মোঃ শাখাওয়াত হোসেন | সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |
| ৭ | মোঃ আবু মুসা | উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| ৮ | ডা. সুমন বড়ুয়া | সহকারী পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর |
| ৯ | মোঃ আবদুল্লাহ হারুন পাশা | উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স |
| ১০ | প্রকৌশলী আতিকুর রহমান | সহকারী প্রকৌশলী (ইঞ্জিঃ) বিআরটিএ , চট্টগ্রাম |
| ১১ | মোঃ খালেদুর রহমান | ডিএডি, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) |

Scanned with CamScanner